



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা



বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা, ১২০৯
www.pmeat.gov.bd

স্মারক নং-৩৭.২৪.০০০০.০৩.০২৮.০০১.২৪-৮৭

তারিখ: ০৫ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
১৯ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় ২০২১-২২ শিক্ষাবর্ষের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের (ডিগ্রী ১ম বর্ষ) উপবৃত্তির জন্য এন্ট্রিকৃত শিক্ষার্থীদের আবেদন প্রতিষ্ঠান কর্তৃক ট্রাস্টে forward করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় ২০২১-২২ শিক্ষাবর্ষের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের (ডিগ্রী ১ম বর্ষ) শিক্ষার্থীদের নিকট থেকে 'ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম' সফটওয়্যারের <https://estipend.pmeat.gov.bd> -এ লিংকে প্রবেশ করে ০৮ থেকে ২৩ মে ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত উপবৃত্তির আবেদন গ্রহণের নিমিত্ত বিজ্ঞপ্তি প্রকাশিত হয়।


২। কলেজ পর্যায়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের EMIS সফটওয়্যারের ইউজার আইডি (EIIN) ও পাসওয়ার্ড এবং মাদ্রাসা পর্যায়ে ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের ইউজার আইডি (EIIN) ও পাসওয়ার্ড দিয়ে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের ড্যাশবোর্ডে প্রবেশ করে সফটওয়্যারে এন্ট্রিকৃত শিক্ষার্থীদের আবেদনে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শিক্ষার্থীর উপস্থিতি ও বাছাই কমিটির রেজুলেশন অনলাইনে সফটওয়্যারে আপলোড করে PMEAT'র 'ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম' -এ আগামী ২৪ থেকে ৩০ মে ২০২৪ খ্রি. তারিখের মধ্যে অবশ্যই forward করতে হবে।

৩। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে এন্ট্রিকৃত/দাখিলকৃত শিক্ষার্থীদের আবেদনসমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক PMEAT'র 'ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম' -এর মাধ্যমে approve/recommend করে অনলাইনে নির্দিষ্ট তারিখের মধ্যে ট্রাস্টে forward না করা হলে শিক্ষার্থীরা উপবৃত্তি প্রাপ্তি থেকে বঞ্চিত হবে এবং এর দায়-দায়িত্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান হিসেবে তাঁর উপরেই বর্তাবে।

৪। এমতাবস্থায়, স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ২০২১-২২ শিক্ষাবর্ষের (ডিগ্রী ১ম বর্ষ) শিক্ষার্থীদের এন্ট্রিকৃত আবেদনে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শিক্ষার্থীর উপস্থিতি ও বাছাই কমিটির রেজুলেশন অনলাইনে উক্ত সফটওয়্যারে আপলোডপূর্বক বর্ণিত সময়ের মধ্যে PMEAT'র 'ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম' -এ forward করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:

- ক) স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের উপবৃত্তির আবেদন এন্ট্রির বিজ্ঞপ্তি ২০২৪;
- খ) স্নাতক ও সমমান পর্যায়ের উপবৃত্তি প্রদান নির্দেশিকা, ২০২২।


২৩/০৫/২০২৪

সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার
(সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)

মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক (উপবৃত্তি)
ফোন: ০২-৫৫০০০৪২৮

ই-মেইল: ad.stipend@pmeat.gov.bd

অনুলিপি: প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. জেলা প্রশাসক (সকল)।
২. জেলা শিক্ষা অফিসার (সকল)।
৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৪. ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অফিস কপি।